**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 23.05.2024** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) লোকসভা নির্বাচনে ষষ্ঠ দফার ভোটের জন্য প্রচার পর্ব আজ শেষ হয়েছে। এই দফায় ৮ টি আসনে ভোটগ্রহণ শনিবার। অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে মোতায়েন করা হচ্ছে ৯১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী।

এদিকে, সপ্তম দফার ভোটের জন্য প্রচার জমে উঠেছে।

২) ভোটের আগে নন্দীগ্রামে বিজেপির এক মহিলা কর্মীকে খুনের ঘটনায় রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন।

শাসকদলের মদতেই এই খুনের ঘটনা বলে বিজেপি দাবি করলেও তৃণমূল তা খারিজ করে দিয়েছে।

৩) বঙ্গোপসাগরের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তটি আগামীকাল সকাল নাগাদ নিম্নচাপে পরিণত হবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস। এর প্রেক্ষিতে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ঝড়-বৃষ্টির সতর্কতা জারি।

৪) আজ বুদ্ধ পূর্ণিমা। নানান ধর্মীয় আচার অনুষ্ঠানে দিনটি পালিত হচ্ছে।

---

লোকসভা নির্বাচনে ষষ্ঠ দফার ভোটের জন্য প্রচার পর্ব আজ শেষ হয়েছে। এই পর্বে দেশের ৫৭ টি আসনে শনিবার ২৫ শে মে ভোটগ্রহণ। এর মধ্যে

রয়েছে, পশ্চিমবঙ্গের ৮ টি আসন - পুরুলিয়া, বাঁকুড়া, বিষ্ণুপুর, মেদিনীপুর, ঝাড়গ্রাম, কাঁথি, তমলুক ও ঘাটাল। পঞ্চম দফায় ১ কোটি ৪৫ লক্ষেরও বেশি ভোটদাতা ৭৯ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন। ১৫ হাজার ৬০০ টি ভোট কেন্দ্রের মধ্যে ২ হাজার ৬৭৮ টি কে সংকটপ্রবণ হিসাবে চিহ্নিত করা হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি এধরনের বুথ রয়েছে কাঁথিতে ৫০১ টি, এরপর তমলুকে ৩৭৩টি।

সবকটি বুথে ওয়েবকাস্টিং-এর ব্যবস্থা করা হলেও ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পুরুলিয়ার কয়েকটিতে সেই সুবিধা থাকছেনা। সেখানে মাইক্রো অবজার্ভারের পাশাপাশি ভিডিও রেকর্ডিং-এর বন্দোবস্ত রাখা হচ্ছে।

অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হচ্ছে। মোতায়েন থাকছে ৯১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ও প্রায় ৩০ হাজার রাজ্য পুলিশ।

ষষ্ঠ দফায় নির্বাচন কমিশন পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের ওপর কড়া নজর দিচ্ছে। বিশেষ নজর দেওয়া হচ্ছে ঝাড়গ্রাম জেলার ওপরেও। কমিশন সূত্রে জানা গেছে, সবচেয়ে বেশি কেন্দ্রীয় বাহিনী থাকছে পূর্ব মেদিনীপুরে- ২৩৭, তারপর পশ্চিম মেদিনীপুরে ২১৮ কেন্দ্রীয় কোম্পানী। এছাড়া বাঁকুড়ায়-১৭৮, পুরুলিয়ায়-১৩৭, ঝাড়গ্রামে- ১৩৩ ও পূর্ব বর্ধমানে-১৬ কোম্পানী বাহিনী মোতায়নে করা হচ্ছে।

পঞ্চম দফার মত ষষ্ঠ দফাতেও ভোট গ্রহণ পর্ব শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য উপ নির্বাচন কমিশনার নীতেশ ব্যাস প্রয়োজনীয় নির্দেশ দিয়েছেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনি গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিক ডঃ আরিজ আফতাব সহ দপ্তরের পদস্থ কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন।

এদিকে, শনিবারের ভোটের জন্য দীঘার বিভিন্ন হোটেল আজ সকালে ফাঁকা করে দেওয়া হয়। নির্বাচন কমিশনের নির্দেশ মেনে নতুন বুকিংও নেওয়া হচ্ছে না। ২৫ তারিখের পর আবার বুকিং করার নির্দেশ দেওয়া হয়েছে।

-----------------------------

শনিবার ২৫ শে মে জঙ্গলমহলে নির্বাচনের দিন হাতির আক্রমণ ঠেকাতে বনদপ্তর বেশ কিছু ব্যবস্থা নিয়েছে। ঝাড়গ্রামের চারটি ডিভিশেনর জঙ্গলে বর্তমানে যে প্রায় একশোটি হাতি রয়েছে, তাদের গতিবিধি অনুযায়ী ঐ বিভাগের ১৪০টি বুথ সংকটপ্রবণ হিসাবে চিহ্নিত করা হয়েছে।

এছাড়া খড়গপুর, মেদিনীপুর, রূপনারায়ণপুর ডিভিশনেও এধরনের ২০৫ টি বুথ রয়েছে। জঙ্গল লাগোয়া এই বুথগুলিতে বিশেষ নজরদারির জন্য ৩ থেকে ৫ টি ভ্রাম্যমান দল, দুটি করে করে হুলা পার্টি এবং তিনটি করে গাড়ির ব্যবস্থা রাখা হচ্ছে।

-----------------------------

ষষ্ঠ দফায় ভোটের আগে পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে সোনাচূড়া এলাকায় বিজেপির এক মহিলা কর্মীকে খুনের ঘটনায় নির্বাচন কমিশন, অ্যাকশন টেকেন রিপোর্ট তলব করেছে। এই ঘটনায় এখনো পর্যন্ত কি পদক্ষেপ নেওয়া হয়েছে এবং কি কারনে মৃত্যু তা বিস্তারিত জানতে চেয়ে জেলাশাসককে দ্রুত রিপোর্ট পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনে অশান্তি প্রবণ এলাকায় কেন্দ্রীয় বাহিনীকে দিয়ে রুট মার্চ করানোর কথাও বলেছে কমিশন।

উল্লেখ্য, বুথ পাহাড়া দেবার সময় দুষ্কৃতী হামলায় বিজেপি কর্মী রথীবালা আড়িকে পিটিয়ে ও কুপিয়ে খুন এবং তাঁর ছেলে দলের নেতা সঞ্জয় আড়ি সহ ৭

জন গুরুতর জখম হওয়ার ঘটনায় গতরাত থেকেই সোনাচূড়া এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়েছে। দলীয় নেতা কর্মীদের ওপর আক্রমনের প্রতিবাদে বিজেপি কর্মী সমর্থকরা সকাল থেকে বিভিন্ন জায়গায় টায়ার জ্বালিয়ে, পথ অবরোধ করে বিক্ষোভ দেখান। নন্দীগ্রাম থানাতেও দুষ্কৃতীদের গ্রেপ্তারের দাবীতে বিক্ষোভ দেখালে পুলিশ ও র‍্যাফ ব্যাপক লাঠিচার্জ করে বিক্ষোভকারীদের হঠিয়ে দেয়। রাস্তার পাশে একটি দোকানে ভাঙচুর চালিয়ে আগুন লাগিয়ে দেওয়া হয়। দুপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী নন্দীগ্রামে পৌঁছালে পরিস্থিতি আরো উত্তপ্ত হয়ে ওঠে। আহতদের দেখতে তিনি হাসপাতাল যান। নন্দীগ্রাম থানার আইসির সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন তিনি। হামলার আগে অভিযুক্তদের থানায় আই সির সঙ্গে দেখা গেছে বলে শুভেন্দুর দাবী। তাঁর অভিযোগ, মুখ্যমন্ত্রী এবং অভিষেক ব্যানার্জীর উস্কানিতেই তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা হামলা চালিয়েছে। উপযুক্ত ব্যবস্থা না নেওয়া হলে তাঁরা আদালতের দ্বারস্থ হবেন বলেও শুভেন্দু জানান।

(বাইট- শুভেন্দু)

শাসক দল অবশ্য এই অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করেছে। বিকেলে তৃণমূল কংগ্রেস নেতা রাজীব ব্যানার্জী এবং পার্থ ভৌমিক এলাকায় গেলে তাদের দেখে গো ব্যাক স্লোগান দেওয়া হয়।

এদিকে, ঘটনার পর বেশ কয়েক ঘন্টা কেটে গেলেও এখনো পুলিশ কাউকে গ্রেপ্তার করতে পারেনি।

-----------------------------

ভোটের আগে তৃণমূল কংগ্রেস নন্দীগ্রাম, ময়না সহ বিস্তীর্ণ এলাকায় সন্ত্রাসের পরিবেশ সৃষ্টি করতে চাইছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, তমলুক লোকসভা কেন্দ্রের প্রার্থীকে হারাতে তৃণমূল কংগ্রেস হিংসার আশ্রয় নিচ্ছে।

অন্যদিকে, ঐ ঘটনায় বিজেপি আজ পূর্ব মেদিনীপুরের পুলিশ সুপারের বদলির দাবী জানিয়েছে। দলের নেতা শিশির বাজোরিয়া আজ মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে অভিযোগ করেন, ভোটের প্রচারে গিয়ে মুখ্যমন্ত্রী বিধানসভা ভোটে পরাজয়ের বদলা নেওয়ার যে প্ররোচনামূলক মন্তব্য করেছিলেন তার ফলেই এই ঘটনা। বিজেপিকে সমর্থন করার জন্য শাসকদল রাজ্যে আদিবাসী ও ওবিসি সম্প্রদায়ের ওপর হামলা চালাচ্ছে বলেও শিশিরবাবুর দাবী।

-----------------------------

ভোটের আগে পশ্চিম মেদিনীপুরের ঘাটাল লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা নিয়ে প্রশ্ন উঠেছে। অভিনেতা হিরণ চট্টোপাধ্যায়, তাঁর মনোনয়ন পত্র দাখিলের সময় হলফনামায় শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে যে তথ্য দিয়েছেন, তা ভুয়ো বলে আম আদমি পার্টি দাবি করেছে। এব্যাপারে তারা নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। রাজ্য আপের তরফে কমিশনে কাছে হিরণের প্রার্থীপদ বাতিলের আবেদনও জানানো হয়েছে।

দলের মুখপাত্র অর্ণব মৈত্র বলেছেন, ওই বিজেপি প্রার্থী জানিয়েছিলেন যে, তিনি খড়গপুর আইআইটির একজন রিসার্চ ফেলো। কিন্তু ওই প্রতিষ্ঠানে

প্রয়োজনীয় অনুসন্ধান করে জানা গেছে, তিনি কোনভাবেই খড়গপুর আইআইটি-র সঙ্গে যুক্ত নয়।

তথ্য জানার অধিকার আইন (আরটিআই)-এর মাধ্যমে খড়্গাপুর আইআইটির তরফে এই তথ্য মিলেছে বলে দাবি করেছে আপ।

এদিকে, হিরণ সংবাদমাধ্যমের কাছে দাবি করেছেন, তাঁর পিএইচডি হয়ে গিয়েছে। তিনি খড়্গাপুর আইআইটি থেকে ‘পোস্ট পিএইচডি’ করছেন এক অধ্যাপকের কাছে। কিভাবে আইআইটি-র তরফে এমন তথ্য দেওয়া হল, তা নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি। এর পিছনে তৃণমূলের হাত রয়েছে বলেও তাঁর অভিযোগ। ভোট মিটলেই তিনি খড়্গাপুর আইআইটি কর্তৃপক্ষের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হবেন বলেও জানিয়েছেন।

-----------------------------

লোকসভা নির্বাচনে সপ্তম দফার ভোটের জন্য প্রচার আরও জোরদার হয়েছে। এই দফায় কলকাতা উত্তর ও দক্ষিণ, যাদবপুর, ডায়মন্ডহারবা, জয়নগর, মথুরাপুর, বারাসাত, বসিরহাট ও দমদম আসনে ভোট নেওয়া হবে আগামী পয়লা জুন। একইসঙ্গে বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও এইদিনই ভোটগ্রহণ।

সপ্তম দফায় বসিরহাট লোকসভা কেন্দ্রের সন্দেশখালি, হিঙ্গলগঞ্জ ও সুন্দরবন অঞ্চলের ওপর নির্বাচন কমিশন বিশেষ নজর দিচ্ছে। রাজারহাটের পঞ্চায়েত এলাকা ও কলকাতার সমস্ত বস্তি এলাকাতেও থাকছে কমিশনের নজরদারি। উপ নির্বাচন কমিশনার নীতেশ ব্যাস আজ কেন্দ্রীয় বাহিনী ও পুলিশ বাহিনী নিয়ে এক বৈঠক করেন। এই বৈঠকে স্থির হয়েছে ১ হাজার ৫৮০ সেকশন কিউ আর টি বা ক্যুইক রেস্পন্স টিম মোতায়েন করা হবে।

------------------------------

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি সপ্তম দফার প্রচারে দমদম লোকসভা ও বরানগর বিধানসভার উপনির্বাচনে দলীয় প্রার্থীদের সমর্থনে আজ এক পদযাত্রায় সামিল হন। কামারহাটি পুরসভা থেকে শুরু হয়ে সিঁথির মোড় পর্যন্ত এই পদযাত্রা চলে।

প্রায় দুমাস ধরে দেশে ভোটপর্ব চলায় অসন্তোষ ব্যক্ত করেন মমতা।

বাইট

পদযাত্রা শেষে সাঁওতালি নৃত্যশিল্পীদের সঙ্গে নাচের তালে পা-ও মেলান তৃণমূল নেত্রী।

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ যাদবপুর এবং ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রে জনসভা করেন।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী দমদম লোকসভা ও কলকাতা উত্তরের প্রার্থীদের সমর্থনে দুটি জনসভা করেন।

এদিকে, যাদবপুর লোকসভা এলাকায় আবরাও সিপিআইএম-এর প্রচারে বাধাদানের খবর মিলেছে। পঞ্চসায়র থানা এলাকায় ঐ দলের কর্মীদের মারধর ও বাড়ি বাড়ি গিয়ে হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে শাসকদলের বিরুদ্ধে। যাদবপুরের সিপিআইএম প্রার্থী এব্যাপারে পঞ্চসায়র থানায় অভিযোগ দায়ের করেছেন।

তৃণমূল কংগ্রেস অবশ্য সব অভিযোগ অস্বীকার করেছে।

মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব দুই বিশেষ পর্যবেক্ষক অলোক সিনহা ও অনিল কুমার শর্মা, রাজ্য পুলিশের নোডাল অফিসার অনন্ত কুমার এবং সিআরপিএফ-এর ডিজি বি কে শর্মাও বৈঠকে উপস্থিত ছিলেন।

-----------------------------

বঙ্গোপসাগরের ওপর তৈরী হওয়া ঘূর্ণাবর্তটি শক্তি বাড়িয়ে সুস্পষ্ট নিম্নচাপ অঞ্চল হিসেবে অবস্থান করছে। আগামীকাল সকাল নাগাদ সেটি ক্রমশঃ উত্তর-পূর্ব দিকে সরে গিয়ে নিম্নচাপের আকার নেবে। পরবর্তী ২৪ ঘন্টায় শক্তি বাড়িয়ে নিম্নচাপটি সামগ্রিক ঘূর্ণিঝড়ে রূপান্তরিত হতে পারে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

২৬শে রবিবার সন্ধ্যায় প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড়ের আকারে বাংলাদেশ ও পশ্চিমবঙ্গ উপকূল অতিক্রম করার সম্ভাবনা। দপ্তরের আঞ্চলিক প্রধান সোমনাথ দত্ত বললেন,

বাইট

এর প্রভাবে শনিবার ও রবিবার ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে পূর্ব মেদিনীপুর ও দুই ২৪ পরগণায়। ৭০ থেকে ১১০ মিলিমিটার পর্যন্ত বৃষ্টির পাশাপাশি ঘন্টায় ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে।

-----------------------------

আজ বুদ্ধ পূর্ণিমা। ভগবান বুদ্ধের জন্মের এই পবিত্র দিনটি পূজা পাঠ পাঠ সহ নানা ধর্মীয় অনুষ্ঠানের মধ্য দিয়ে পালন করছেন বৌদ্ধ ধর্মাবলম্বীরা। বুদ্ধ জয়ন্তী উপলক্ষে বৌদ্ধমন্দিরগুলি সাজিয়ে তোলা হয়েছে।

জলপাইগুড়ির শহরের ভানুনগর রেসকোর্সপাড়া দেছেন ছৈলিং গুম্ফায় আজ ২ হাজার ৫শো ৬৮ তম বুদ্ধ জন্মজয়ন্তী উদযাপিত হয়। বের হয় বর্ণাঢ্য শোভাযাত্রা। ধর্মীয় গ্রন্থ (ত্রিপিটক) মাথায় নিয়ে ভানুনগর গুম্ফা থেকে বের হয়ে জলপাইগুড়ি শহর পরিক্রমা করে শোভাযাত্রা গুম্ফা প্রাঙ্গণে এসে শেষ হয়। বৌদ্ধ ধর্মাবলম্বীরা ছাড়াও অংশ নেন বহু সাধারণ মানুষ।

বুদ্ধপূর্ণিমা উপলক্ষ্যে হাওড়ার জয়পুরবিলের বৌদ্ধমন্দিরে চলে বিশেষ পূজাপাঠ। নিশ্চিন্দা থানা এলাকার এই মন্দিরেই রয়েছে রাজ্যের সর্ববৃহৎ বুদ্ধ মূর্তি। ২০১৬ সালে বুদ্ধ ইন্টারন্যাশনাল ওয়েলফেয়ার মিশনের উদ্যোগে এটি প্রতিষ্ঠিত হয়। সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

----------------------------

ঐতিহ্য বাহী স্বামীনাথ পুজো ঘিরে উত্তর দিনাজপুরের ইটাহারে মেলা শুরু হয়েছে। বুদ্ধপূর্ণিমা তিথিতে প্রায় চারশো বছর আগে স্বামী নাথের পুজোর সুচনা করেন তৎকালীন দুর্গাপুর রাজবাড়ীর জমিদার ভুপাল চন্দ্র রায় চৌধুরী। বংশ পরম্পরায় নিয়ম রীতি মেনে হাঁসুয়া মন্দিরে অন্যান্য দেব দেবীর সাথে কৃষ্ণ রূপে স্বামীনাথের পুজো হয়ে থাকে বুদ্ধ পূর্ণিমা তিথিতে। সাত দিনের মেলায় ভক্তদের বিপুল সমাগম চোখে পড়ার মতো।

---------------------------- ----------------------------